দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUN 1993
পৃষ্ঠা ১ কলাম ৭

## রাতের পরীক্ষা!

মাইনুল হাসান ॥ রাতেও এইচএসসি পরীক্ষা চলে। তবে সকল পরীক্ষার্থীর জন্য নয়। শুধুমাত্র খৃষ্টান পরীক্ষার্থী রাতে পরীক্ষা দেওয়ার অনুমতি পাইয়াছে। তাও কেবলমাত্র শনিবার

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## রাতেও পরীক্ষা

(১ম পৃঃ পর)

ঐদিন নাকি ঐ সম্প্রদায়ের সদস্যদের দিনের বেলায় লেখাপড়া নিষিদ্ধ। এই কারণে যশোর শিক্ষাবোর্ড শনিবারের পরীক্ষা রাতে নেওয়ার জন্য নির্দেশ দিয়াছেন। বানারীপাড়ার বাইশারী কেন্দ্রের এই ধরনের একজন পরীক্ষার্থীর পরীক্ষা গতকাল (শনিবার) রাতে বানারীপাড়া টিএনও অফিসের একটি কক্ষে অনুষ্ঠিত হয়। পরীক্ষার্থীকে সকাল ৯টা হইতে একটি কক্ষে ম্যাজিস্ট্রেটের তত্ত্বাবধানে আটকাইয়া রাখা হয়। যাহাতে সে পরীক্ষার প্রশ্নপত্র আগেভাগে জানিতে না পারে। পরে সন্ধ্যা ৭ টায় বন্ধ কক্ষে তাহার পরীক্ষা নেওয়া হয়। টিএনও জানান, প্রতি শনিবার (পরীক্ষা থাকিলে) এই ব্যবস্থা নেওয়া হইবে।